

## মূল্য সংবেদনশীল তথ্য

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এম. আই. সিমেন্ট ফ্যাক্টরী লিঃ এর পরিচালনা পর্ষদ কোম্পানীর প্রধান কার্যালয়, হাউস নং- ১ এবং ৭, রোড নং- ৯৫, গুলশান- ২, ঢাকায় ২৬ অক্টোবর ২০১৩ তারিখ বিকাল ৫ঃ৩০ ঘটিকায় সমাপ্ত কোম্পানীর ১৩তম পর্ষদ সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছেন :

ক) পশ্চিম মুক্তারপুরস্থ, ইউনিয়ন পরিষদঃ পঞ্চমসার, থানা এবং জেলাঃ মুন্সিগঞ্জ ২৬ শতাংশ জমি, যাহার খতিয়ান নং- পেডি- ৯, এস.এ- ১১, আর.এস- ১১ এবং ১০৩; দাগ নং- পেডি এবং এস.এ- ১৬০ থেকে ১৬৯, আর.এস- ৩৩ এবং ৩৪ আনুমানিক ১,০০,০০,০০০.০০/= (এক কোটি) টাকায় (রেজিস্ট্রেশন খরচ সহ) ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

খ) ৩০ জুন ২০১৩ তারিখে সমাপ্ত কোম্পানীর বার্ষিক আর্থিক বিবরণীসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করার পাশাপাশি নিম্নলিখিত সিদ্ধান্তসমূহও গ্রহণ করা হয় :


ক্রমিক নং	বিবরণ	সিদ্ধান্ত
১	৩০ জুন ২০১৩ তারিখে সমাপ্ত বৎসরের জন্য প্রস্তাবিত লভ্যাংশ	নগদ লভ্যাংশ : ৪০% হারে
২	কোম্পানীর ১৯ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের সময় এবং তারিখ	২৪ ডিসেম্বর ২০১৩ ইং বেলা ১১ঃ০০ ঘটিকায়
৩	কোম্পানীর ১৯ তম বার্ষিক সাধারণ সভার অনুষ্ঠান স্থল	ফ্যাক্টরী প্রাঙ্গণ
৪	কোম্পানীর ১৯ তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের জন্য “রেকর্ড ডেট”	১০ নভেম্বর ২০১৩

৩০ জুন ২০১৩ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণীর  
উল্লেখযোগ্য অংশ নিম্নে প্রদান করা হলো :

ক্রমিক নং	বিবরণ	১ জানুয়ারী ২০১২ হতে ৩০ জুন ২০১৩ (টাকা)	১ জানুয়ারী ২০১১ হতে ৩০ জুন ২০১২ (টাকা)
১	বিক্রয়	৬,৮২৯,৬৯৭,১৩২	৫,৬৫৭,৬০১,৪৮৫
২	মোট মুনাফা	১,১৪৮,০৩৫,৪৯১	৭৪৬,৩২৩,৬১৮
৩	অন্যান্য উৎস থেকে আয়	৫,০২৫,০৫২	৯২,০২২,৯৪১
৪	কর পূর্ব মুনাফা	৮৮১,০৮৬,৬০৬	৭৪৯,৭৭০,৯৬৫
৫	করের জন্য সংস্থান	২১৫,৭১৭,৯৪৫	১৮৪,০১০,৩৬৮
৬	কর পরবর্তী মুনাফা	৬৬৫,৩৬৮,৬৬২	৫৬৫,৭৬০,৫৯৭
৭	নীট সম্পদের পরিমাণ (রিষ্টেটেড)	৫,৫৯৪,৪০০,৩৫৫	৫,৪০০,৮৭৬,২৩৮
৮	শেয়ার প্রতি নীট সম্পদের পরিমাণ	৩৭.৬৭	৩৬.৩৭
৯	শেয়ার প্রতি আয় (রিষ্টেটেড)	৪.৪৮	৩.৮১
১০	শেয়ার প্রতি নীট পরিচালন নগদ প্রবাহ	৬.৩১	১.৫৭

যে সকল সদস্যের নাম কোম্পানীর শেয়ার রেজিস্টারে “রেকর্ড ডেট” অর্থাৎ ১০ নভেম্বর ২০১৩ তারিখের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে কেবল তাঁরাই বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়ার এবং লভ্যাংশ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

তারিখ, ঢাকা  
২৭ অক্টোবর, ২০১৩

পরিচালনা পর্ষদের অনুমতিক্রমে  
  
(মোঃ মজহারুল ইসলাম, এফসিএস)  
কোম্পানী সচিব

বিশেষ দৃষ্টব্য : আসন্ন বার্ষিক সাধারণ সভায় কোন প্রকার উপহার / খাবার / যাতায়াত ভাতা প্রদানের ব্যবস্থা থাকবে না।